# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail: info@ bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd

স্মারক নম্বর/চশিবো/জুবৃপরী/১৪৫/২০২৫/৯৫৫(২) তারিখ: ০৫/১০/২০২৫ খ্রি.

## জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফরম পূরণ বিজ্ঞপ্তি

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি চট্টগ্রাম শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি শিক্ষা বোর্ড অনুমোদিত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো।

(১) **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা **(probable list)** প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.bise-ctg.gov.bd)** এ ১২/১০/২০২৫ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৩/১০/২০২৫ তারিখ থেকে ১৯/১০/২০২৫ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে চট্টগ্রাম বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **OEMS/eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ এর নীতিমালার আলোকে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালোভাবে যাচাই-বাছাই করে প্রয়োজন হলে **Select/ Unselect** করা যাবে।

(ঘ) চূড়ান্ত যাচাই-বাছাই করার পর **Pay Slip Print** বাটন এ ক্লিক করে অবশ্যই **Pay Slip** প্রিন্ট করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। **Pay Slip** প্রিন্ট করার পর নতুন করে **Select/ Unselect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final submit** ও **Final Candidate List Print** বাটন **Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) **Final submit** বাটন এ ক্লিক করে অবশ্যই **Final submit** করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

(জ) **Final submit** সম্পূর্ণ না হলে প্রবেশপত্র দেওয়া হবে না।

(২) পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

**(৩) ফি জমার সর্বশেষ তারিখ: ১৯/১০/২০২৫।**

**(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী- ৪০০.০০ (চারশত) টাকা।**

**(খ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী- ২০০.০০ (দুইশত) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)।**

(গ) অনলাইনে ফরম পূরণ **(eFF)**: ১৩/১০/২০২৫ তারিখ হতে ১৯/১০/২০২৫ তারিখ পর্যন্ত।

(৪) **পরীক্ষার মাধ্যম:** বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে হাতে হাতে ১৫/১০/২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

(৫) **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:** কোনো অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলির/যুক্তিসংগত অন্য কোনো কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর নীতিমালার আলোকে তার ফরম পূরণ করতে হবে।



CamScanner

(৬) পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ। নিম্নের ৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| ক্রমিক | বিষয়ের নাম ও বিষয় কোড | পূর্ণমান |
|---|---|---|
| ০১ | বাংলা (১০১) | পূর্ণমান- ১০০ |
| ০২ | ইংরেজি (১০৭) | পূর্ণমান- ১০০ |
| ০৩ | গণিত (১০৯) | পূর্ণমান- ১০০ |
| ০৪ | বিজ্ঞান (১২৭) | পূর্ণমান- ৫০ |
| ০৫ | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০) | পূর্ণমান- ৫০ |

(৭) জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা ২০২৫ এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(৮) জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফরমপূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।
ফ্যাক্স : ০২৩৩৪৪৫৩১৫১,
Email : ce@bise-ctg.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা।
৭. উপ-পরিচালক, (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৮. প্রোগ্রামার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৯. হিসাব রক্ষণ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১০. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, বহদ্দারহাট, চট্টগ্রাম।
১১. পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
১২. অফিস কপি।

৫-১০-২৫

(মোহাম্মদ আবদুল মান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৪৪৫১৫১৬।



CamScanner